রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৮ সনের ৩৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৩, ২০১৮

সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৩৭—৫৫১ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারিকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারিকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯৭৯—১০০৬ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) ....... সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) ....... বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) ....... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) ....... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল | নাই | (৫) ....... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৪৩৭—১৪৯৪ | (৬) ....... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**আদেশ**

তারিখ: ০৮ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/২৩ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৩.১২.০০০০.০৭৯.০২৭.০১.২০১৮-৭০৬**—যেহেতু, আপনি জনাব মোহাম্মদ আজিজুল হক, পরিচিতি নং-এ০০২৫, বর্তমানে যুগ্ম-পরিচালক হিসেবে প্রশাসন উইং, ঢাকায় কর্মরত আছেন এবং ইত:পূর্বে জেলা এনএসআই, পাবনা কার্যালয়ে কর্মরত থাকাকালীন অফিসের বাসভবনে ১৪-০৪-২০১৭ তারিখ রাত্রিবেলা কলগার্ল নিয়ে অবস্থানকালীন সময়ে বাড়ীর মালিকের স্ত্রী কলগার্লসহ আপনাকে হাতেনাতে ধরে ফেলেন। এছাড়াও আপনি একাধিক কাজের মহিলাদের (বুয়া) সাথে অসামাজিক কার্যকলাপে লিপ্ত অবস্থায় বাড়ির মালিক ও তার স্ত্রীর নিকট হাতেনাতে ধরা পড়ে লাঞ্ছিত হন;

০২। যেহেতু, অফিস সহায়ক শাহনাজ বেগমকে পদোন্নতির প্রলোভন দেখিয়ে এবং তার স্বামীকে চুক্তিভিত্তিক গাড়িচালক হিসেবে নিয়োগ দেয়ার আশ্বাস প্রদান করে শাহনাজ বেগমকে দিয়ে আপনার বাসায় ব্যক্তিগত ও গৃহস্থালি কাজ করে দিতে বাধ্য করেছেন এবং বিভিন্ন অজুহাতে যৌন হয়রানীসহ বিভিন্ন ধরনের কু-প্রস্তাব দিতেন;

০৩। যেহেতু, আপনি অধীনস্ত কর্মকর্তা-কর্মচারীদের না জানিয়ে হঠাৎ বাসায় হাজির হয়ে তাদের স্ত্রীদের সাথে অশ্লীল ও কুরুচিপূর্ণ আলাপচারিতার মাধ্যমে বিব্রতকর অবস্থার সৃষ্টি করতেন এবং ফিরে আসার সময় স্ত্রীদের ব্যক্তিগত মোবাইল নম্বর চেয়ে নেন এবং পরবর্তীতে অকারণে ফোন দিয়ে বিরক্ত করতেন;

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

০৪। যেহেতু, আপনি ২৮-০৬-২০১৭ তারিখে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অফিস চলাকালীন সময়ে বিনা ছুটিতে পরিবার-পরিজন নিয়ে মেহেরপুর জেলার মুজিবনগর ও কুষ্টিয়া জেলার রবীন্দ্র কুঠিবাড়িতে বেড়াতে যান এবং ২৯-০৬-২০১৭ তারিখে সিরাজগঞ্জ জেলায় এবং রাজশাহী জেলায় গমন করেন;

০৫। যেহেতু, আপনি চুক্তিভিত্তিক ড্রাইভার মোঃ নাসিম হায়দারকে তার ইচ্ছার বিরুদ্ধে চাকরিচ্যুতির ভয় দেখিয়ে জোরপূর্বক চট্টগ্রাম পাঠিয়ে আপনার পরিবার-পরিজনকে পাবনায় নিয়ে আসতে বাধ্য করেছেন;

০৬। যেহেতু, আপনি অধীনস্ত কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন সময়ে বার্ষিক গোপনীয় প্রতিবেদন খারাপ দেয়ার ভয়-ভীতি প্রদর্শনকরতঃ আপনার ব্যক্তিগত মনোরঞ্জনের কাজ হাসিলের চেষ্টা করতেন। যদি কেউ আপনার অযৌক্তিক, অনৈতিক ও অপেশাদারমূলক আদেশে সাড়া না দিত তাহলে তাকে বার্ষিক গোপনীয় প্রতিবেদনে কম নম্বর দেয়ার বিষয়ে প্রকাশ্যে হুমকি প্রদান করতেন;

০৭। যেহেতু, আপনি বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তাদের সাথে অসদাচরণ ও অসৌজন্যমূলক আচরণসহ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে তাদের বিরুদ্ধে নেতিবাচক রিপোর্ট প্রদানের হুমকি প্রদান করতেন। পাবনাস্থ মাদকদ্রব্য কার্যালয়ের জনসচেতনতামূলক বিভিন্ন পাবলিক প্রোগ্রামে আপনি নিজেকে বিশেষ অতিথি হিসেবে রাখতে চাপ প্রয়োগ করতেন এবং ঐ সকল প্রোগ্রামের ব্যানারে আপনার নাম লিখাতে বাধ্য করতেন। জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত আইন-শৃঙ্খলা মিটিংয়ে আসন বিন্যাসকে কেন্দ্র করে হট্টগোল ও বিশৃঙ্খলা পরিবেশ সৃষ্টি করতেন এবং উক্ত মিটিংয়ে কুরুচিপূর্ণ বক্তব্য প্রদান করায় পাবনা জেলা ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক কমরেড জাকির হোসেনের সাথে হাতাহাতির উপক্রম হয়;

০৮। যেহেতু, আপনি অফিস চলাকালীন সময় টেলিফোনে এবং ফেসবুকের মাধ্যমে বিধবা, তালাকপ্রাপ্তা, প্রবাসীর স্ত্রী ও বিউটি পার্লারের মেয়েদের সাথে চ্যাটিং-এ সার্বক্ষলিক ব্যস্ত থাকেন, এতে করে অফিসের দৈনন্দিন সরকারি কাজ বাধাগ্রস্থ হয়;

০৯। এ বিষয়ে বিভাগীয় মোকদ্দমা নং ০১/২০১৮ দায়ের করে কারণ দর্শানো হয়। ব্যক্তিগত শুনানী দিতে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানতে চাওয়া হয়।

১০। যেহেতু, আপনার আবেদনের প্রেক্ষিতে গত ০৮-০৫-২০১৮ এবং ০৬-০৬-২০১৮ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং উক্ত শুনানীতে সরকার পক্ষে এনএসআই-এর যুগ্ম-পরিচালক জনাব মোঃ মোসাদ্দেক হোসেন রেজা মৌখিক ও লিখিত বক্তব্য উপস্থাপন করেন;

১১। যেহেতু শুনানীকালে প্রাপ্ত তথ্যাদি প্রাথমিক অনুসন্ধান প্রতিবেদন ও নথিজাত কাগজপত্র অনুযায়ী সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক আপনার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহের উর্দ্ধে প্রমাণিত হয়েছে;

১২। সেহেতু, আনীত অভিযোগের পেক্ষিতে জনাব মোহাম্মদ আজিজুল হক, পরিচিতি নং-এ ০০২৫-এর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, প্রাথমিক তদন্ত প্রতিবেদন, তার চাকুরীকাল এবং পূর্বের সার্ভিস রেকর্ড সামগ্রিকভাবে পর্যালোচনা ও বিবেচনা করে অসদাচরণের অপরাধে লঘুদন্ড প্রদান যুক্তিযুক্ত ও সমীচীন প্রতীয়মান;

১৩। সেহেতু, জনাব মোহাম্মদ আজিজুল হক, পরিচিতি নং-এ০০২৫, যুগ্ম-পরিচালক, এনএসআই, ঢাকা-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল), বিধিমালা ১৯৮৫-এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অপরাধে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(ই) বিধি মোতাবেক আদেশ জারির তারিখ থেকে 'টাইম স্কেলের নিম্নস্তরে নামাইয়া দেওয়া' দন্ড প্রদান করা হলো।

১৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**সাজ্জাদুল হাসান**
সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/০৫ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৪৬.০০.০৩৮.১৭-২৩৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৮(১) অনুচ্ছেদে বর্ণিত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি নিম্নবর্ণিত কর্মকর্তাকে অন্যান্য প্রতিষ্ঠান ও সংগঠনের সাথে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে এবং বয়স ৬৫(পঁয়ষট্টি) বছর পূর্ণ হওয়া অর্থাৎ ০২ নভেম্বর ২০২২ তারিখ পর্যন্ত জনস্বার্থে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সদস্য পদে সানুগ্রহ নিয়োগ প্রদান করলেন: জনাব আবদুল মান্নান (৩৩৮৩), সাবেক সচিব। জন্ম তারিখ: ০৩ নভেম্বর ১৯৫৭।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আরিফ নাজমুল হাসান**
উপসচিব।

---

**উর্ধ্বতন নিয়োগ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/০২ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৩১.১৯.০১২.১৮-৪৮৮**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ করা হলো:

জনাব মোহাম্মদ রুহুল কুদ্দুস (১৫৭৮০), সহকারী পরিচালক (উপসচিব), বিয়াম, ঢাকা—বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়, বিয়ামে সংযুক্তি।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ তমিজুল ইসলাম খান**
উপসচিব।

## বিধি অনুবিভাগ

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/১৫ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১২-১২৪**—Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশনের চাহিদা মোতাবেক দশম জাতীয় সংসদের ২৭ কুড়িগ্রাম-৩ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন উপলক্ষ্যে ২৫ জুলাই, ২০১৮ তারিখ বুধবার সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় [উলিপুর উপজেলা (সাহেবের আলগা ইউনিয়ন ব্যতীত) এবং চিলমারী উপজেলা (অষ্টমীরচর ও নয়ারহাট ইউনিয়ন ব্যতীত) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় নির্বাচনকালীন সাধারণ ছুটি (সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় যদি উক্ত তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে) ঘোষণা করা হলো।

তারিখ: ০৩ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/১৮ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১৭-১২৮**—Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে ময়মনসিংহ জেলার তারাকান্দা উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন এবং নিম্নবর্ণিত ৫টি উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান পদে উপনির্বাচন এবং ০৬টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন/স্থগিত নির্বাচন

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | পদের নাম |
|---|---|---|---|
| ১. | ময়মনসিংহ | তারাকান্দা | চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান |
| ২. | হবিগঞ্জ | আজমিরীগঞ্জ | শূন্য চেয়ারম্যান পদে উপনির্বাচন |
| ৩. | চাঁদপুর | শাহরাস্তি | শূন্য চেয়ারম্যান পদে উপনির্বাচন |
| ৪. | রাজশাহী | দুর্গাপুর | শূন্য ভাইস চেয়ারম্যান পদে উপনির্বাচন |
| ৫. | রাঙ্গামাটি | নানিয়ারচর | শূন্য চেয়ারম্যান পদে উপনির্বাচন |
| ৬. | ভোলা | তজুমদ্দিন | শূন্য চেয়ারম্যান পদে উপনির্বাচন |

ইউনিয়ন পরিষদ নির্বাচন

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| ১. | জয়পুরহাট | ক্ষেতলাল | বড়াইল | সাধারণ ৩টি পদ |
| ২. | টাঙ্গাইল | কালিহাতী | বীরবাসিন্দা | সাধারণ ৩টি পদ |
| ৩. | | | পারখী | সাধারণ ৩টি পদ |
| ৪. | পটুয়াখালী | কলাপাড়া | লালুয়া | সাধারণ ৩টি পদ |
| ৫. | খাগড়াছড়ি | মানিকছড়ি | যোগ্যছোলা | সাধারণ ৩টি পদ |
| ৬. | নোয়াখালী | বেগমগঞ্জ | ছয়ানী | চেয়ারম্যান |

উপলক্ষে ২৫ জুলাই, ২০১৮ তারিখ বুধবার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি, অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় নির্বাচনকালীন সাধারণ ছুটি (সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় যদি উক্ত তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষা কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে) ঘোষণা করা হলো।

তারিখ: ০৪ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/১৯ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১৮-১২৯**—Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশনের চাহিদা মোতাবেক রাজশাহী সিটি কর্পোরেশন, বরিশাল সিটি কর্পোরেশন এবং সিলেট সিটি কর্পোরেশন সাধারণ নির্বাচন উপলক্ষ্যে ৩০ জুলাই, ২০১৮ তারিখ সোমবার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/ সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় নির্বাচনকালীন সাধারণ ছুটি (সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় যদি উক্ত তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে) ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হেলালুজ্জামান সরকার**
উপসচিব।

**শৃঙ্খলা-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/২৮ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৮৩.২৭.০০৪-১৭(বিমা)-২৭৪**—যেহেতু, ড. সৈয়দা নওশীন পর্ণিনী (পরিচিতি নম্বর: ৬৪৩৭), সিনিয়র সহকারী সচিব (ইউপি-২), স্থানীয় সরকার বিভাগ, রাজবাড়ী জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) হিসেবে কর্মরত থাকাকালে রাজবাড়ী জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তার অতিরিক্ত দায়িত্ব পালনকালীন ক্ষমতার অপব্যবহার ও সরকারি অর্থ তছরুপ/আত্মসাতের উদ্দেশ্যে জরুরি মেরামত ও আসবাবপত্র খাতের ৫,৮২.৬১৫ টাকা, চিকিৎসা খাতের ১০,০০,০০০ টাকা কল্যাণ তহবিলের ১১,৯০,০০০ টাকা ও শিক্ষা অনুদানের ১,৪২,০০০ টাকা, এডিবি সাধারণ বরাদ্দের আওতায় নলকূপ স্থাপনের ১০টি প্রকল্পের বিপরীতে ১০,০০,০০০ টাকা, সামাজিক কল্যাণমূলক অনুদান খাত, ত্রাণ তহবিল খাত ও স্ববিবেচক খাতের ১৫,০২,৫০০ টাকা জেলা পরিষদের ব্যাংক হিসাব থেকে বিধিবহির্ভূতভাবে চেকের মাধ্যমে বিল প্রদান ও বিতরণ করা ইত্যাদি কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতিপরায়ন' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক ২৮-০৩-২০১৮ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী পেরণ করে কৈফিয়ত তলব করা হয়। তিনি আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানি চান কিনা তাও তার লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, তিনি ১৬-০৪-১৮ তারিখে কৈফিয়তের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির অনুরোধ করেন এবং সে মোতাবেক ২৮-০৬-২০১৮ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, শুনানিতে সরকার পক্ষের নথি উপস্থাপনকারী কর্মকর্তা বেগম শাহানারা খাতুন (পরিচিতি নং ৬১১৭), যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ অভিযোগনামা ও অভিযোগ বিবরণী সমর্থন করে বক্তব্য প্রদান করেন। অভিযুক্ত কর্মকর্তা ড. সৈয়দা নওশীন পর্ণিনী পূর্বের প্রদত্ত তার লিখিত বক্তব্য সমর্থন করে বলেন যে, জরুরি মেরামত ও আসবাবপত্র খাত, চিকিৎসা খাত, কল্যাণ তহবিল ও শিক্ষা অনুদানের নিজ নামের আপত্তিকৃত টাকা সংশ্লিষ্ট খাতে জমা করা হয়েছে, এডিপি সাধারণ বরাদ্দের আওতায় নলকূপ স্থাপনের প্রকল্প বাস্তবায়ন হয়েছে এবং জেলা পরিষদের সভায় অনুমোদন সাপেক্ষে বিল প্রদান করা হয়েছে। সামাজিক কল্যাণমূলক অনুদান, ত্রাণ তহবিল ও স্ববিবেচক খাতের টাকা জেলা পরিষদের সভায় অনুমোদন সাপেক্ষে দুঃস্থ ও গরিব মানুষের মধ্যে বিতরণ করা হয়েছে। তিনি আরও বলেন তার বিরুদ্ধে আর্থিক দুর্নীতি ও অনিয়মের অভিযোগ ভিত্তিহীন ও উদ্দেশ্য প্রণোদিত এবং অভিযোগকারী ব্যক্তিগত আক্রোশের বশবর্তী হয়ে তার বিরুদ্ধে অমূলক অভিযোগ দায়ের করেছেন। দীর্ঘদিন বিদেশে অবস্থান করা এবং অধ্যয়ন ও অধ্যাপনার কারণে মাঠ পর্যায়ে কাজের অভিজ্ঞতা কম থাকায় তার কাজে কিছু পদ্ধতিগত ত্রুটি এবং সম্পূর্ণ অনিচ্ছাকৃত ভুল থাকতে পারে। তিনি নিজেকে নির্দোষ দাবী করে তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রার্থনা করেন;

যেহেতু, অভিযোগনামায় আনীত আর্থিক অনিয়ম/তছরুপের বিষয়ে অভিযুক্তের জবাব ও দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, অভিযুক্ত ড. সৈয়দা নওশীন পর্ণিনী কর্তৃক পদ্ধতিগত ত্রুটির কারণে জরুরি মেরামত ও আসবাবপত্র খাতের ৫,৮২,৬১৫ টাকা এবং তার নিজ নামে চিকিৎসা খাতের ৭৫,০০০ টাকা, কল্যাণ তহবিলের ৯০,০০০ টাকা এবং শিক্ষা অনুদানের ৮,০০০ টাকা মোট ১,৭৩,০০০ টাকা জেলা পরিষদের সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করা হয়েছে। এডিপি সাধারণ বরাদ্দের আওতায় নলকূপ স্থাপনের ১০টি প্রকল্পের চূড়ান্ত বিল প্রকল্প সভাপতির বরাবর প্রদানের জন্য জেলা পরিষদের সভায় অনুমোদন আছে এবং প্রকল্পগুলি বাস্তবায়ন হয়েছে। সামাজিক কল্যাণমূলক অনুদান খাত, ত্রাণ তহবিল খাত এবং স্ববিবেচক খাতের টাকা আবেদনের মাধ্যমে জেলা পরিষদ সভায় ভূতাপেক্ষ অনুমোদন সাপেক্ষে বিতরণ করা হয়েছে;

যেহেতু, আর্থিক বিষয় পর্যালোচনায় দেখা যায় যে, অভিযুক্ত ড. সৈয়দা নওশীন পর্ণিনী অসৎ উদ্দেশ্যে ব্যক্তিগতভাবে কোন সরকারি অর্থ আত্মসাৎ করেননি। তার নিজ নামে গৃহিত এবং জরুরি মেরামত ও আসবাবপত্র খাতের ছাড়কৃত অর্থ পদ্ধতিগত ত্রুটির কারণে তিনি জেলা পরিষদের সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান করেছেন। সুতরাং অভিযুক্ত কর্তৃক অর্থ আত্মসাৎ না হলেও সরকারি অর্থ ছাড়ের ক্ষেত্রে পদ্ধতিগত ত্রুটি এবং কর্তব্য পালনে তার অসাবধানতা পরিলক্ষিত হয়েছে; যার দায় তিনি এড়াতে (Ignore) পারেন না। অভিযুক্ত বিসিএস ১৭তম ব্যাচের একজন কর্মকর্তা এবং দীর্ঘসময় নিয়ে বিদেশে উচ্চ শিক্ষা গ্রহণ করেছেন। ফলে মাঠ প্রশাসনের কাজের বাস্তব অভিজ্ঞতার ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়। এছাড়া তিনি রাজবাড়ী জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) হিসেবে মূল দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তার দায়িত্ব পালন করেছেন। তিনি ১৭তম ব্যাচের কর্মকর্তা হলেও এ বিভাগীয় মামলার কারণে এখনও তিনি সিনিয়র সহকারী সচিব থেকে উপসচিব পদে পদোন্নতি পাননি। এছাড়াও ইতঃপূর্বে তার বিরুদ্ধে আর্থিক বা অন্যকোন অভিযোগও পাওয়া যায়নি;

সেহেতু, বিভাগীয় মামলার অভিযোগ, উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত জবাব, তথ্য-প্রমাণ ও প্রাসঙ্গিক বিষয়সমূহ পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতিপরায়ণ'-এর আনীত অভিযোগের মধ্যে 'দুর্নীতিপরায়ণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি। তবে সরকারের অর্পিত দায়িত্ব পালনের ক্ষেত্রে অসাবধানতা এবং কর্তব্য পালনে অবহেলার কারণে অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। এ পরিপ্রেক্ষিতে একই বিধিমালার ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ (Misconduct)' এর দায়ে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও অন্যান্য বিষয়াদি বিবেচনায় (৪(২)(ক) বিধি অনুযায়ী ড. সৈয়দা নওশীন পর্ণিনী (পরিচিতি নম্বর ৬৪৩৭), প্রাক্তন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজবাড়ী ও অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজবাড়ী বর্তমানে সিনিয়র সহকারী সচিব (ইউপি-২), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা-কে 'তিরস্কার (Censure)' সূচক লঘুদন্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

## শৃঙ্খলা-৫ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/২৮ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৮৪.২৭.০০৬-১৭(বি.মা)-৩৮৪**—যেহেতু, জনাব মোঃ মুশফিকুর রহমান (পরিচিতি নম্বর-১৬৪৯৮), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, আমতলী বরগুনা বর্তমানে উপজেলা নির্বাহী অফিসার, রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা; আমতলী উপজেলার উপজেলা নির্বাহী অফিসার হিসেবে কর্মরত থাকাকালে মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কার্যক্রমের তালিকায় কমিটির সদস্য-সচিব হিসাবে যাচাই-বাছাইয়ের নির্ধারিত ফরমসমূহে স্বাক্ষর না করার অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ"-এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৮-০৩-২০১৮ তারিখে ০৫.০০.০০০০.১৮৪.২৭.০০৬.১৭(বি.মা.)-১৭৫ নম্বর স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কি না তা জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে ০৭-০৫-২০১৮ তারিখে লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং তার আবেদনের পরিপ্রেক্ষিতে ২৮-০৬-২০১৮ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানিতে তিনি বলেন যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন অনুসারে তিনি সাচিবিক দায়িত্ব পালন করেছেন। তিনি জামুকা এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে মুঠোফোনে আলাপ করে জানতে পারেন যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১২-০১-২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০৪.৪৯.২৩৩.০৯-৯২ নং প্রজ্ঞাপনে উল্লেখ আছে যে, যাচাই বাছাই কমিটির সংখ্যা গরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে কমিটির সভার কোরাম পূর্ণ হবে এবং কমিটি কার্য সম্পাদন করতে পারবে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং জামুকায় তার বিরুদ্ধে কোন অভিযোগ নেই এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উক্ত তালিকা যথাযথ হিসেবে গৃহীত হয়েছে এবং পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে;

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত, বিভাগীয় মামলার নথি এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে অভিযুক্তের বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচারণ"-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় এবং নবীন কর্মকর্তা বিবেচনায় জনাব মোঃ মুশফিকুর রহমান (পরিচিতি নম্বর-১৬৪৯৮)-কে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে; এবং

সেহেতু, জনাব মোঃ মুশফিকুর রহমান (পরিচিতি নম্বর-১৬৪৯৮), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, আমতলী, বরগুনা বর্তমানে উপজেলা নির্বাহী অফিসার, রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা-এর বিরুদ্ধ আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচারণ"-এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

## জাতীয় রাজস্ব বোর্ড
## [শুল্ক]

### বিশেষ আদেশ

তারিখ: ০১ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/১৬ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ২৬৯/২০১৮/শুল্ক/৩৯৪**—The Customs Act, 1969 (Act-Iv of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চট্টগ্রাম সমুদ্র বন্দর, চট্টগ্রামে অবস্থিত মেসার্স পোর্টল্যান্ড সার্ভিসেস লিঃ (বন্ড লাইসেন্স নং-এস-৪-৩২/ বন্ড/৮৪, HB301 PS03284, তাং-১৬-০৮-১৯৮৪ খ্রিঃ) নামীয় শুল্কমুক্ত বিপণীর অনুকূলে ২০১৮-১৯ অর্থবছরে নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা (বন্ড লাইসেন্সে উল্লিখিত পণ্যসমূহ) নির্ধারণ করা হলোঃ

| ক্রমিক নং | আমদানিতব্য পণ্যের বিবরণ | আমদানির প্রাপ্যতা (মাঃ ডঃ) |
|---|---|---|
| ০১. | প্রভিশন, ফুড ও বন্ডেড স্টোর (Provision Food & Bonded Stors): | ৭০,০০০.০০ |
| ০২. | বিদেশগামী জাহাজের নাবিক ও ক্রুদের ব্যক্তিগত ও পারিবারিক সর্বপ্রকার ব্যবহার্য দ্রব্যাদি (সিগারেট, টোবাকো, এ্যালকোহলিক বেভারেজ, প্রসাধন সামগ্রী এবং বৈদ্যুতিক সরঞ্জাম) | ২,৮০,০০০.০০ |
| ০৩. | অন্যান্য | ৫০,০০০.০০ |
| | মোট= | ৪,০০,০০০.০০ |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**প্রকাশ দেওয়ান**
সদস্য (শুল্ক রপ্তানি, বন্ড ও আইটি)।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৬

### আদেশাবলী

তারিখ: ২৪ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/০৮ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**নং আর-৬/৭এন-২৬/২০১৮-২৬৬**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে গাজীপুর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব ফারজানা আক্তার, স্বামীঃ মোঃ হেলাল উদ্দিন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এত দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিলঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পুর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/০৯ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**নং আর-৬/৭এন-২৭/২০১৮-২৬৮**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে নোয়াখালী জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মামুনুর রশীদ, পিতা ঃ আলহাজ্ব মোহাম্মদ উল্যা-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এত দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিলঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পুর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

---

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/১৫ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০০৩.১৮.৪৪**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১১(৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, নরসিংদী এর ১৬ এপ্রিল ২০১৮ তারিখের ৪৫২ নং পত্রের আলোকে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার রায়পুরা উপজেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | প্রস্তাবিত সদস্য | পদবি |
|---|---|---|---|---|
| ১। | ১১(১)(ঘ) | সমাজসেবী | মিসেস সাহিনা নাসরীন আহম্মেদ | চেয়ারম্যান |
| ২। | ১১(১)(গ) | শিক্ষিকা | মিসেস তাসলিমা বেগম | সদস্য |
| ৩। | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মিসেস নূরুন্নাহার আফজাল | সদস্য |
| ৪। | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মিসেস সাকিনা জামান | সদস্য |
| ৫। | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | শিল্পী দাস | সদস্য |

২। উপরে উল্লিখিত কমিটির সদস্যগণের মধ্য হতে ১ নং ক্রমিকের জনাব মিসেস সাহিনা নাসরীন আহম্মেদ উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ মনোনয়নের তারিখ হতে দুই বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাদেরকে পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রনি চাকমা**
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)।

---

### প্রজ্ঞাপন

তারিখ: ২২ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০২৭.১০(অংশ-১).৪৫**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১(১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১(৩) উপধারা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা এর ০৭-০৫-২০১৮ তারিখের ৮৩৩ নং পত্রের আলোকে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতয়ি মহিলা সংস্থার তালা উপজেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলোঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | প্রস্তাবিত সদস্য | পদবি |
|---|---|---|---|---|
| ১। | ১১(১)(ঘ) | সমাজসেবী | সুতপা রাহা (বিএ অনার্স, এম এ)<br>স্বামী: প্রভাষক প্রণব ঘোষ বাবলু<br>গ্রাম: তালা বাজার, ডাকঘর: তালা, জেলা: সাতক্ষীরা। | চেয়ারম্যান |
| ২। | ১১(১)(গ) | শিক্ষিকা | বেগম মঞ্জুয়ারা খাতুন (এম এ বাংলা)<br>প্রভাষক বাংলা বিভাগ, শহীদ মুক্তিযোদ্ধা মহাবিদ্যালয়, তালা, সাতক্ষীরা।<br>স্বামী: সৈয়দ জুলফিকার আকবর<br>গ্রাম: তেঁতুলিয়া, ডাকঘর: শুকদেবপুর, তালা, সাতক্ষীরা। | সদস্য |

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | প্রস্তাবিত সদস্য | পদবি |
|---|---|---|---|---|
| ৩। | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | বেগম হাসিনা পারভীন (এমএ পাস)<br>পিতা: মৃত মমতাজ আলী<br>গ্রাম+ডাকঘর: পাটকেলঘাটা, উপজেলা: তালা, জেলা:সাতক্ষীরা | সদস্য |
| ৪। | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | বেগম গুলশান আরা খাতুন (বিএ, বিএড)<br>স্বামী : শেখ জালাল উদ্দিন<br>গ্রাম: শিরাশুনি, ডাকঘর: সুভাষিণী, উপজেলা: তালা, জেলা: সাতক্ষীরা। | সদস্য |
| ৫। | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | সন্ধ্যা রাণী সরদার (এইচ এস সি পাস)<br>স্বামী: সমর সরদার (বীর মুক্তিযোদ্ধা)<br>গ্রাম: নলতা, ডাকঘর: খলিলনগর, উপজেলা: তালা, জেলা: সাতক্ষীরা। | সদস্য |

২। উপরে উল্লিখিত কমিটির সদস্যগণের মধ্য হতে ১ নং ক্রমিকের সুতপা রাহা (বিএ অনার্স, এম এ), স্বামী: প্রভাষক প্রণব ঘোষ বাবলু, গ্রাম: তালা বাজার, ডাকঘর: তালা, জেলা: সাতক্ষীরা। উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ মনোনয়নের তারিখ হতে দুই বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাদেরকে পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রেজাউল হক**
সহকারী সচিব (জামস)।

---

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
## প্রশাসন-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/১৫ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ২৫.০০.০০০০.০১৩.৯৯.০০৪.১৮-৯২**—ঝিনাইদহ গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব মোহাঃ জাকির হোসেন তার ফেসবুক এ্যাকাউন্ট থেকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী এবং জাতীয় পতাকাকে অবমাননা করে বিভিন্ন ধরনের অশালীন মন্তব্য করেছেন মর্মে তার বিরুদ্ধে আনীত উক্ত অভিযোগ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণের শামিল বিবেচিত হওয়ায় তার এহেন অসদাচরণের অভিযোগে এ মন্ত্রণালয়ের ০৯ অক্টোবর ২০১৭ তারিখের ২৫.০০.০০০০.০১৩.৯৯.০০৪.০৮-১০৮ নম্বর প্রজ্ঞাপন মারফত তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ১১ মোতাবেক সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। উক্ত আদেশে সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি মোতাবেক খোরপোষভাতা (Subsistance Allowance) প্রাপ্য হবেন মর্মে উল্লেখ থাকে।

২। পরবর্তীতে তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য কমিটি গঠন করা হয় এবং কমিটি তদন্ত শেষে প্রতিবেদন দাখিল করে। তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে উল্লেখ করা হয়।

৩। এমতাবস্থায়, যেহেতু ঝিনাইদহ গণপূর্ত বিভাগের প্রকৌশলী জনাব মোহাঃ জাকির হোসেন এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণীত হয়নি সেহেতু নির্বাহী প্রকৌশলী জনাব মোহাঃ জাকির হোসেন এর বিরুদ্ধে আনীত অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো এবং মন্ত্রণালয়ের ০৯ অক্টোবর ২০১৭ তারিখের ২৫.০০.০০০০.০১৩.৯৯.০০৪.০৮-১০৮ নম্বর প্রজ্ঞাপন মারফত জারীকৃত তার সাময়িক বরখাস্ত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো। উল্লেখ্য তার সাময়িক বরখাস্তকালীন সময় চাকরিকাল হিসেবে গণ্য হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদ উল্লা খন্দকার**
সচিব।

## মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
## প্রাণিসম্পদ-৩ অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/১৫ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩৩.০০.০০০০.১১৯.৯৯.০০৫.১৩-২৫৯**—যেহেতু, ডাঃ পংকজ কুমার চন্দ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, প্রেষণে-কোয়ালিটি কন্ট্রোল অফ ভ্যাকসিন এন্ড ড্রাগস শাখা, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা গত ৩১-০৭-২০১৩ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। সে প্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুযায়ী 'পলায়ন' এ অভিযোগ আনয়ন করে বিভাগীয় মামলা রুজু করা হয়। তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তাঁর স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়। বিভাগীয় মামলার কপি তাঁর স্থায়ী ও কর্মস্থল ঠিকানায় প্রেরণ করা হলে ডাক বিভাগ কর্তৃক ফেরৎ দেয়া হয়;

যেহেতু, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০২-০৫-২০১৬ তারিখের ৩৩.০০.০০০০.১১৭.৯৯.০০৫.১৩-৪০৬ নং অফিস আদেশে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুযায়ী 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, ডাঃ পংকজ কুমার চন্দ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ লীভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর ঢাকা, প্রেষণে-কোয়ালিটি কন্ট্রোল অফ ভ্যাকসিন এন্ড ড্রাগস শাখা, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে 'পলায়ন'

এর অভিযোগ প্রমাণিত হয় এবং তাঁকে কেন গুরুদন্ড হিসেবে চাকরি হতে অপসারণ করা হবে না সে বিষয়ে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ তাঁর স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়। স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রটি "প্রাপক দেশের বাহিরে কানাডায় বসবাস করে মতে বিলি করা গেলনা ফেরৎ" মর্মে ডাক বিভাগ কর্তৃক ফেরৎ প্রদান করা হয়। দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ ২টি জাতীয় পত্রিকায় প্রকাশ করা হয় এবং সংশ্লিষ্ট কর্মকর্তা এর পরেও কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

